"আমার চাচা আনাস বিন আন-নাদর বদর যুদ্ধে অনুপস্তিত ছিলেন। সে জন্য তিনি রসূল সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম কে বললেন, "হে আল্লাহর রসূল! ইসলামের প্রথম যুদ্ধ যা আপনি মুশরিকদের বিরুদ্ধে পরিচালনা করছেন তা থেকে অনুপস্থিত রয়েছি। আলাহ যদি আমাকে মুশরিকদের বিরুদ্ধে কোন যুদ্ধে উপস্থিত হওয়ার সুযোগ দেন, তাহলে আল্লাহ দেখবেন যে, আমি কী করি। যখন উহুদের দিন ঘনিয়ে এল, মুসলিমরা শক্রুদের মুখোমুখি হল, তখন তিনি বললেন, "হে আল্লাহ! এই লোকেরা যা করেছে তা থেকে আমি আপনার ক্ষমা প্রার্থনা করছি (তাঁর সাথীদের বুঝিয়েছেন) এবং এই লোকেরা যা করেছে তা থেকে আমি নিজেকে মুক্ত ঘোষণা করছি। এরপর তিনি এগিয়ে গেলেন এবং সাদ বিন মুয়ায (রদিআলাহু আনহু) এর সঙ্গে তাঁর দেখা হল, তখন তিনি বললেন, "হে সাদ ইবনে মুয়ায! নাদরের রবের শপথ করে বলছি, জান্নাত ...উহুদ পর্বতের পিছনে, আমি এর ঘ্রাণ পাচ্ছি।" সাদ পরে বললেন, "আমি তাঁর মত করতে সক্ষম নই (যেভাবে তিনি লড়াই করেছেন), হে আল্লাহের রসূল সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম।" আনাস (রদিআলাহু আনহু) বললেন, "সুতরাং আমরা তাঁকে প্রায় আশিটি তরবারির বর্শা ও তীরের আঘাতে জর্জরিত দেখতে পেলাম এবং আরও দেখতে পেলাম যে, মুশরিকরা কিভাবে তাকে হত্যা করেছে এবং তার দেহ ক্ষতবিক্ষত করেছেঃ তার বোন ছাড়া কেউই তাকে চিনতে করতে পারছিল না। সে (তার বোন) তাকে তার আঙ্গুল দ্বারা চিনতে পেরেছিল। সুতরাং আনাস (রদিআলাহু আনহু) বললেন, "আমরা চিন্তা করেছিলাম যে এই আয়াতটি তাঁর বা তাঁর মত যাঁরা তাদের সম্পর্কেই নাযিল হয়েছে,

﴿مِنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُمْ مَنْ قَضَى نَحْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا﴾

"মু'মিনদের কতক আল্লাহর সাথে কৃত ওয়াদা পূর্ণ করেছে, তাদের কেউ কেউ শাহাদাত বরণ করেছে এবং কেউ কেউ অপেক্ষায় রয়েছে। তারা তাদের সংকল্পে কোন পরিবর্তন করেনি।"[৩২]

[৩২] সূরা আল আহযাবঃ ২৩। এই হাদীসটি বুখারী (২৮০৫) এবং মুসলিম (১৯০৩) কর্তৃক বর্ণিত। আল-আলবানী তাঁর "সহীহ আত তারগীব" (১৩৫৮)- এ এটিকে সহীহ ঘোষণা দিয়েছেন। ইবনে হাজার (রহীমাহুল্লাহ) তাঁর "শারহ"- এ এই সম্পর্কে বলেন, " *আনাস বিন নাদর* এর ঘটনা থেকে অর্জিত কল্যাণের ভিত্তিতে জিহাদে একজনের নিজেকে উৎসর্গ করার বিষয়টি অনুমোদনযোগ্য হিসেবে বিবেচিত হয়েছে- এই অঙ্গীকার পূরণের বিষয়টি যদি আত্মার জন্য কষ্টদায়কও হয় এবং এটি যদি মৃত্যুর দিকে ধাবিত করে ঃ তবুও একজনের নিজেকে ধ্বংসের দিকে নিক্ষেপ করার ব্যাপারটি জিহাদে শাহাদাতের আকাঙ্খার ক্ষেত্রে প্রযোজ্য নয় এবং এই হাদীসটি*আনাস বিন নাদর* (রদিআলাহু আনহু) এর মহৎ গুণকেই প্রতীয়মান করে এবং তাঁর নির্ভেজাল ঈমান, সত্যিকার তাকওয়া এবং প্রকৃত তাওয়াক্কুলের পরিচয় বহন করে। ফাত্হুল বারি দ্রষ্টব্য (৬/২৬-২৯)। ইমাম ইবন আল কইয়্যিম বলেন, "উহুদ যুদ্ধে প্রাপ্ত কল্যাণ থেকে একাকী শত্রুর মাঝে ঢুকে পড়ার বিষয়টি, যেমন *আনাস বিন নাদর* (রদিআলাহু আনহু) এবং অন্যদের ক্ষেত্রে ঘটেছিল, বৈধ ও অনুমোদনযোগ্য হয়।" দ্রষ্টব্যঃ 'যাদ আল মাআদ' (৩/২১১)

চৌদ্দঃ

মুজাহিদ (রহীমাহুল্লাহ) হতে বর্ণিত আছে যে, *"নাবী সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম আব্দুল্লাহ ইবনে মাসউদ এবং খাব্বাব (রদিআলাহু আনহু) কে এক অভিযানে সেনাদল হিসেবে প্রেরণ করেছিলেন এবং দিহীয়াহ (রদিআলাহু আনহু) কে একাই আরেক অভিযানে পাঠিয়েছিলেন ।"*[৩৩]

এই বিষয়টিতে এটিই প্রতীয়মান হয় যে, জিহাদে অপারেশনের ঝুঁকি যে মাত্রায়ই থাকুক না কেন, ত্রুটি বিচ্যুতি সত্ত্বেও তা বৈধ ও অনুমোদন যোগ্য এবং ঝুঁকির মাত্রা যত বেশি হবে, তাতে পুরুষ্কারও তত বেশি হবে ।

অনুরুপভাবে, আরেকটি বর্ণনায় রসূলুলাহ সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম আমর ইবনে উমাইয়াহ (রদিআলাহু আনহু) এবং আনসারদের মধ্য হতে একজনকে একটি ব্রিগেড হিসেবে প্রেরণ করেছিলেন এবং আব্দুল্লাহ ইবনে আনিস (রদিআলাহু আনহু) কে স্বয়ং একটি ব্রিগেড হিসেবে প্রেরণ করে ছিলেন ।[৩৪]

পনেরঃ

বায়হাকী বর্ণনা করেন, আশ শাফিয়ী (রহীমাহুল্লাহ) বলেন যে, *"বীরে মাওনা কূপের কাছাকাছি জায়গায় সকল সাহাবীর মৃত্যুর ঘটনার বিপর্যয়ের পর কেবল একজন সাহাবী (রদিআলাহু আনহু) পিছনে ছিলেন । তিনি পৌঁছে দেখলেন যে, শকুনেরা তাঁর সাথীদের খাচ্ছিল । তখন তিনি আমর ইবনে উমাইয়াহকে (রদিআলাহু আনহু) বললেন, "আমি এই শত্রুদের মাঝে সরাসরি এগিয়ে যাচ্ছি যাতে তারা আমাকে মারতে পারে । আমি আমার সঙ্গীদের শাহাদাতের স্থান হতে পিছনে থাকতে পারি না । তিনি যেমনটি বললেন তেমনটিই করলেন এবং শহীদ হয়ে গেলেন । পরে আমর ইবনে উমাইয়া মদীনায় ফিরে এসে রসূলুলাহ সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম কে উক্ত ঘটনা জানালেন । রসুলুলাহ সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম তাঁর প্রশংসা করলেন এবং রসূল সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম আমরকে বললেন, "এবং তুমি কেন তার সাথে অগ্রসর হলে না?"*[৩৫]

এই হাদীসে দেখা যায়, শাহাদাহ বরণ করে নেবার মানসেই অগ্রসর হওয়ার বিষয়টিতে রসূল সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম কোন আপত্তি করেননি, বরং যে তা না করে ফিরে এসেছিল, তাকেই তা করার জন্য বলেছিলেন এবং তার সঙ্গীর মত তাকেও শহীদ হতে উদ্ধুদ্ধ করেছিলেন ।

---

[৩৩] আল বায়হাকী সহীহ সনদে তাঁর "আস সূনান আল-কুবরা"(৯/১০০) তে বর্ণনা করেন ।

[৩৪] প্রাগুক্ত (পূর্বের রেফারেন্স দ্রষ্টব্য)

[৩৫] 'আস সুনাম আল কুবরা'; আল বাইহাকী (৯/১০০)

ষোলঃ

আনাস ইবনে মালিক (রদিআল্লাহু আনহু) হতে বর্ণিত,

"রসূল সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম উহুদ যুদ্ধের সময় সাতজন আনসার এবং দুইজন কুরাইশসহ বিচ্ছিন্ন হয়ে পড়লেন। যখন কাফিররা রসূল সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম কে ঘিরে ফেলল, তখন তিনি বললেন যে, 'কে আছ? যে এদেরকে আমার কাছ থেকে প্রতিহত করবে, তার জন্য জান্নাত' অথবা বললেন যে, 'সে আমার সাথে জান্নাতে থাকবে। তখন একজন আনসার অগ্রসর হলেন এবং শত্রুদের বিরূদ্ধে লড়াই করতে ঝাঁপিয়ে পড়লেন এবং শহীদ হয়ে গেলেন। অতঃপর শত্রুরা আবারও তাঁকে (সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম) ঘিরে ফেলল। তখনও রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম বললেন, 'কে আছ? যে আমাকে এদেরকে আমার হতে প্রতিহত করবে?' তখন আবারও একজন আনসারী এগিয়ে এলেন এবং যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেলেন। এভাবে সাতজনই একে একে শহীদ হয়ে গেলেন। তখন রসূল সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম বললেন, 'আমরা আমাদের সাথীদের সাথে ইনসাফ করি নাই।' (অর্থাৎ আমরাও যদি শহীদ হয়ে যেতাম, তাহলেই কেবল তাদের সাথে ইনসাফ করা হত।)"[৩৬]

সতেরোঃ

ইবনে ইসহাকের বরাত দিয়ে ইবনে কাসীর (রহীমাহুল্লাহ) বর্ণনা করেন যে, *"আবু দুজানাহ্ (রদিআল্লাহু আনহু) নিজেকে রসূল সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম এর মানবঢাল হিসেবে এমনভাবে তৈরি করেছিলেন যে, তীর তাঁর পিঠে বিধঁত, এগুলি তাকে কষ্টে জর্জরিত করত, এমনকি যতক্ষণ অনেক তীর তাঁকে বিদ্ধ করে ততক্ষণ পর্যন্ত।"*[৩৭]

সুতরাং এই হাদীস থেকে আমরা দেখি যে, অধিনায়কের নিরাপত্তার জন্য নিজেকে উৎসর্গ করা অনুমোদনযোগ্য- এটি এমন একটি বিষয় যা কেবল নাবী সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম এর বেলায়ই প্রযোজ্য নয়, সকল আমিরের ক্ষেত্রেই প্রযোজ্য। সুতরাং আমীরের জন্য নিজেকে উৎসর্গ করা যদি অনুমোদনযোগ্য হয়ে থাকে, তাহলে সম্পূর্ণ দ্বীনের ক্ষেত্রে কি তা অনুমোদনযোগ্য হবেনা ?

---

[৩৬] সহীহ মুসলিম (১৭৮৯)। যেমনটি নাবী সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমরা আমাদের সাথীর সাথে যথাযথ আচরণ করিনি"- ইমাম আন নববী ব্যাখ্যা করেন, "এর অর্থ হল, কুরাইশরা আনসারদের প্রতি সুবিচার করেনি, কেননা, দুইজন কুরাইশ যুদ্ধ করার জন্য বেরিয়ে আসেননি, বরং এটি আনসাররাই ছিলেন যাঁরা একে একে বের হয়ে এসেছিলেন (এবং তাদের প্রত্যেকেই মৃত্যু বরণ করেছিলেন)।

[৩৭] আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ (৪/৩৪)

আঠারোঃ

ইয়াজিদ ইবনে আবি উবায়দা (রদিআলাহু আনহু) থেকে দুটি সহীহ হাদীস বর্ণিত আছে । তিনি বলেন,

"আমি সালামাহ ইবনে আল-আকওয়া (রদিআলাহু আনহু) কে জিজ্ঞেস করেছিলাম, 'আপনি হুদায়বিয়ার দিন আলাহর রসূলের কাছে কিসের উপর বাইয়াত দিয়েছিলেন?' তিনি উত্তর দিলেন, 'মৃত্যুর উপর' ।"[৩৮]

উনিশঃ

চৌদ্দজনেরও বেশি হতে মুহাম্মাদ ইবনে সাবিত ইবনে কায়েস ইবনে শিমাস হতে বর্ণনা করেছেন, ইয়ামামার যুদ্ধে যখন মুসলিমরা ছত্রভঙ্গ হয়ে গেল, তখন আবু হুযায়ফার মুক্ত দাস সালিম (রদিআলাহু আনহু) বললেন,

"আমরা এভাবে রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর সঙ্গে আচরণ করিনি । তখন তিনি তার জন্য একটি পরিখা খনন করলেন এবং মুহাজিরিনদের পতাকা বহন করে এর মধ্যে দাঁড়ালেন এবং ইয়ামামার দিনে শহীদ হওয়ার আগ পর্যন্ত যুদ্ধ চালিয়ে গেলেন ।"

এটি এবং পরবর্তী বর্ণনাটি এটিই নির্দেশ করে যে, এমন অনমনীয়তাই কাঙ্খিত, যদিও তা নিশ্চিত মৃত্যুর দিকে ধাবিত করে । সালিম (রদিআলাহু আনহু) এরূপ কাজকে রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর সময়ের কর্ম-বৈশিষ্ট্যের সঙ্গে একীভূত করেছেন ।

একবার মুসা ইবনে আনাস ইয়ামামার যুদ্ধ সম্পর্কে বর্ণনা করতে গিয়ে বলেন, *"আনাস বিন মালিক (রদিআলাহু আনহু) সাবিত বিন কায়েস (রদিআলাহু আনহু) এর নিকট গেলেন । তিনি [সাবিত (রদিআলাহু আনহু)] তার উরুর কাপড় উঠিয়ে শরীরে 'হানূত'*[৩৯] *লাগাচ্ছিলেন । আনাস (রদিআলাহু আনহু) জিজ্ঞেস করলেন,*

'চাচা! কোন জিনিসটি আপনাকে যুদ্ধ থেকে ফিরিয়ে রাখল?' তিনি উত্তর দিলেন, 'আমার ভাতিজা! আমি এখনই আসছি এবং নিজের শরীরে '<u>হানূত</u>' সুগন্ধি দিতে লাগলেন, এরপর তিনি আসলেন এবং বসলেন ।' আনাস তখন উল্লেখ করলেন যে, 'যুদ্ধক্ষেত্র থেকে লোকেরা পালিয়ে গেছে ।' তাতে সাবিত (রদিআলাহু আনহু) বললেন, 'শত্রুর সাথে যুদ্ধ করার রাস্তাটা এখন আমার জন্য পরিষ্কার হয়ে গেল । আমরা এভাবে রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর সঙ্গে আচরণ করিনি (আমরা কখনোই যুদ্ধক্ষেত্র হতে পলায়ন করিনি) । তোমরা তোমাদের শত্রুর নিকট থেকে কত খারাপ স্বভাব অর্জন করেছ'!"[৪০]

---

[৩৮] ফাত্হুল বারি (৬/১১৭), আল বুখারী (৪১৬৯, ৭২০৬) এবং মুসলিম (১৮৬০)

[৩৯] 'হানুত' এক ধরনের সুবাস এবং সুগন্ধি যা মেশ্ক, আম্বর, কস্তুরি থেকে প্রস্তুত করা হয় । এটি কাফনের মৃতের দেহে দেয়া হয়, যাতে দীর্ঘ সময় ধরে দুর্গন্ধ বের না হয় ।

[৪০] আল বুখারী (২৮৪৫) । ইবনে আল মুবারক, আল বাইহাকী, ইবনে সাদ, আত্-তাবারি এবং আল-হাকিম কর্তৃক বর্ণিত ।

ইবনে হাজার (রহীমাহুল্লাহ) আরও যোগ করেন যে,

“সাবিত ইবনে কায়স ইবনে শিমাস ইয়ামামার দিনে গায়ে ‘হানূত’ দিয়ে সমাধিস্থ হওয়ার জন্য দুই টুকরা সাদা কাপড় পরিধান করে এসেছিলেন। লোকেরা যখন পরাজিত হয়ে গেল, তখন তিনি বললেন, ‘আয় আল্লাহ! এই মুশরিকদের আমল হতে আমি নিজেকে বিচ্ছিন্ন করছি এবং এরা যা করেছে তা থেকে আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করছি (তার সহযোদ্ধাদের উদ্দেশ্য করে)। তোমরা আজ তোমাদের শত্রুর নিকট থেকে কত খারাপ স্বভাব অর্জন করেছ! সুতরাং আমাদের এবং তাদের পথকে আপনি আলাদা করে দিন।’এরপর তিনি শত্রু ব্যূহ ভেদ করে ঢুকে পড়লেন এবং মৃত্যু না হওয়া পর্যন্ত লড়াই করে গেলেন..... ।”

এই ঘটনাটি জিহাদের ময়দানে প্রয়োজনে নিজেকে বিলিয়ে দেয়ার উদ্দেশ্যে যুদ্ধের অনুমোদনের ব্যাপারটি প্রমাণ করে। মৃত্যুর পূর্ব প্রস্তুতিস্বরূপ হানূত এবং কাফনের কাপড় পড়ে যুদ্ধের ময়দানে হাজির হওয়াতে বিষয়টির অনুমোদন প্রমাণিত হয়। এটি সাবিত ইবনে কায়েস এর দৃঢ়তা, নিয়্যত এবং ঐকান্তিকতা ও বিশুদ্ধতার পরিচয় পাওয়া যায় । এই ঘটনাটি সব কিছু পরিত্যাগ করে যুদ্ধের দিকে আমাদের আহ্বান জানায় ও উদ্বুদ্ধ করে এবং তাদের তিরস্কার করে, যারা যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যায়। এতে সহজেই অনুমান করা যায় যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম এর সময়ে সাহাবারা যুদ্ধক্ষেত্রে কতটা সাহসী এবং দৃঢ় থাকতেন।[৪১]

ইবনে আন-নুহাস (রহীমাহুল্লাহ) মত প্রকাশ করেন, *“‘হানূত’ হল একটি উত্তম সুগন্ধি বিশেষ, যা বিশেষভাবে মৃতকে দেয়া হয়। এটি দেয়া হয় সুগন্ধের জন্য। তাদের (যারা যুদ্ধরত ছিলেন) সুগন্ধি দেবার একমাত্র কারণ ছিল- যদিও আল্লাহ এ সম্পর্কে ভাল জানেন- মৃত্যুর জন্য প্রস্তুতি গ্রহণ এবং শাহাদাত লাভের চরম বাসনা।”*[৪২]

বিশঃ

ইবনে জাবির আত তাবারি বর্ণনা করেন যে,

“মূতার যুদ্ধে জাফর বিন আবি তালিব (রদিআল্লাহু আনহু) পতাকা নিলেন এবং তিনি নিঃশেষ হয়ে যাওয়ার আগ পর্যন্ত যুদ্ধ করলেন। যখন তিনি তার হালকা রং এর ঘোড়ার দিকে ফিরলেন, তখন সেটাকে আঘাত করলেন (যাতে তিনি পালাতে না

[৪১] ফাত্হুল বারি (৬/৫২)। নাবী সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম তাঁর প্রসঙ্গে বলেন, “সাবিত ইবনে কায়েস ইবনে শিমাস কী চমৎকার একজন মানুষ! ইমাম আন নববি কর্তৃক তাঁর “সাবিত আল আসমা” (২/৯৯)য় বর্ণিত এবং আলবানী কর্তৃক তাঁর “সহীহ আল জামী”(৬৭৭০) তে সহীহ হিসেবে আখ্যায়িত।

[৪২] ‘ মাশারি আল আশওয়াক্ব ইলা মাশারি আল উশাক্ব (১/৬৭৩)

পারেন)। এরপর তিনি মৃত্যুবরণ না করা পর্যন্ত যুদ্ধ করে গেলেন। সুতরাং, মুসলিমদের মধ্যে জাফরই (রদিআলাহু আনহু) প্রথম যিনি তার ঘোড়াকে এভাবে আঘাত করেছিলেন।"[৪৩]

একুশঃ

আবু বকর ইবনে আবি মুসা বর্ণনা করেন,

"শত্রুদের মাঝে (যুদ্ধ ক্ষেত্রে) থাকা অবস্থায় আমি আমার বাবার কণ্ঠ শুনতে পেলাম, তিনি বললেন, রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম বলেছেন, 'নিশ্চিতভাবে তলোয়ারের ছায়াতলেই জান্নাত'। এক দরিদ্র ব্যক্তি দাঁড়িয়ে গেলেন এবং বললেন, 'হে আবু মুসা! তুমি কি এটি রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর থেকে শুনেছো?' আমার বাবা বললেন, 'হ্যাঁ'। লোকটি পিছনে তার সাথীদের নিকট গেলেন এবং তাদের বললেন, 'আমি তোমাদের কাছ থেকে বিদায় নিচ্ছি, তোমাদের উপর শান্তি বর্ষিত হোক।' তিনি তখন তার তরবারির খাপটি ভেঙ্গে ফেললেন এবং সেটি দূরে নিক্ষেপ করলেন এবং শত্রুদের দিকে এগিয়ে গেলেন এবং তরবারী দিয়ে তাদের প্রতিরোধ করতে করতে শহীদ হয়ে গেলেন।"[৪৪]

ইবনে আব্বাস (রদিআলাহু আনহু) এর মুক্ত দাস ইকরিমাহ এর সূত্রে বর্ণিত,

"আমর ইবনে আল জামুহ নামক জনৈক প্রবীণ আনসার ব্যক্তির পা খোঁড়া ছিল। তাই নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম যখন বদরে গেলেন, আমর তার ছেলেদের বললেন, 'তোমরা আমাকে বাইরে নিয়ে যাও।' তার অক্ষম অবস্থা নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম কে উল্লেখ করা হল এবং তিনি তাকে (আমর রদিআল্লাহু আনহু কে) যুদ্ধে না যাওয়ার অনুমতি দিলেন। অতঃপর যখন উহুদের দিন আসল এবং নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম বেরিয়ে গেলেন (যুদ্ধে), তিনি তার পুত্রদের বললেন, 'তোমরা আমাকে বাইরে নিয়ে যাও।' তারা উত্তর দিল, 'রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম আপনাকে যুদ্ধে না যাওয়ার অনুমতি দিয়েছেন।' তিনি বলেন, 'তোমরা আমার কাছ থেকে দূর হও! তোমরা আমাকে বদরের জান্নাত থেকে নিষেধ করেছ, এখন তোমরা এর থেকে (উহুদ) নিষেধ করছ।' সুতরাং তিনি বেরিয়ে গেলেন এবং লোকেরা যখন যুদ্ধের জন্য রসূলুল্লাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর সঙ্গে দেখা করল, তিনি তখন রসূলুল্লাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম কে জিজ্ঞেস করলেন, 'আজ যদি আমি মারা যাই-আমি কি আমার খোঁড়া পা সত্ত্বেও জান্নাতে যেতে পারব?' নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম উত্তর দিলেন 'হ্যাঁ'। সুতরাং আমর উত্তর দিলেন, 'তাহলে যিনি আপনাকে সত্য সহ প্রেরণ করেছেন, তাঁর নামে শপথ করে আমি বলছি, যদি আল্লাহ অনুমতি দেন, 'নিশ্চিত আমি আজ খোঁড়াতে খোঁড়াতে জান্নাতে যাব।' তিনি তখন তার সাথে

---

[৪৩] আত তাবারির "আত তারিখ" (২/১৫১)

[৪৪] মুসলিম (১৯০২)। আল-আলবানীর "সহীহ আত তারগীব"- এ সহীহ হিসেবে বর্ণিত। নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর মূল বক্তব্যটি আল-বুখারীতে (২৮১৮, ২৯৬৫, ৩০২৪) এবং মুসলিমে (১৭৪২) বর্ণিত। আরও দ্রষ্টব্যঃ ইবনে হাজাম এর "আল-মুহাল্লা" (৭/২৮৪), ইবনে আল কায়্যিম এর যাদ আল মাআ'দ (৩/৭৯) এবং আল আলবানীর "সহীহ আল জামী"(১৫৩০, ২৭৫০, ৩১১৭)

থাকা সালিম নামক কিশোর দাসকে বললেন, 'যাও তুমি তোমার পরিবারে চলে যাও (তুমি মুক্ত) ।' তখন ছেলেটি বলল, 'আপনার কী হয়েছে? আপনি কি আমাকে আপনার সঙ্গে কল্যাণের জন্য (শাহাদাত) এগিয়ে যেতে দেবেন না?; লোকটি তখন বলল, 'তাহলে সামনে এগিয়ে যাও ।'অত:পর দাস বালকটি সামনে এগিয়ে গেল এবং যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেল । আমর (রদিআলাহু আনহু) তখন সামনে এগিয়ে গেলেন এবং যুদ্ধ করতে করতে শহীদ হয়ে গেলেন ।"[৪৫]

আরও বর্ণিত আছে যে,

"আমর ইবনে আল-জামুহ বললেন, 'আল্লাহর কসম! আমি জান্নাতে না যাওয়া পর্যন্ত আমার পরিবারের নিকট ফিরে যাব না ।' উমার ইবনে আল-খাত্তাব তাঁকে বললেন, 'হে আমর! কোন কিছু আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার উপর জোর করো না ।' রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম বললেন, 'হে উমার, শান্ত হও! কেননা, নিশ্চিতভাবে আল্লাহর নামে যারা শপথ করে আল্লাহ তা পূর্ণ করেন । আমর ইবনে আল জামুহ তাদের অর্ন্তভুক্ত যে তার খোঁড়া পা নিয়েই জান্নাতে ছুটে যাবে' ।"[৪৬]

অন্য একটি বর্ণনায়,

"আমর ইবনে আল জামুহ নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর নিকট আসলেন এবং জিজ্ঞেস করলেন, 'হে আল্লাহর রসূল! আমি যদি মৃত্যু বরণ না করা পর্যন্ত আলাহর রাস্তায় যুদ্ধ করি, আমি কি সুস্থ পা নিয়ে জান্নাতে হাটতে পারব?' তিনি এটি জিজ্ঞেস করলেন, কেননা তাঁর একটি পায়ে অক্ষমতা ছিল । নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম উত্তর দিলেন 'হ্যাঁ' । অতঃপর আমর, তার ভাতিজা এবং তাঁর মুক্ত গোলাম উহুদের দিন মারা গেল । রসূলুলাহ সালালাহু আ'লাইহি ওয়া সালাম যখন তাঁকে অতিক্রম করছিলেন তখন বললেন, 'আমি যেন তোমাকে সুস্থ পা নিয়ে জান্নাতে হেঁটে যেতে দেখছি ।' নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম তখন তাদের তিনজনকে একত্রে কবর দেয়ার জন্য নির্দেশ দিলেন ।"[৪৭]

বাইশঃ

ইবনে আসাকির এবং ইবনে কাসির কর্তৃক বর্ণিত যে,

---

[৪৫] ইবনে আল মুবারক, আল বায়হাকী কর্তৃক বর্ণিত এবং আল ওয়াকিদির "আল মাগাজী" তে উল্লিখিত ।

[৪৬] আলবানীর "সহীহ আল- মাওয়ারিদ"(১৯২৮)এ তিনি এটিকে হাসান ঘোষণা করেছেন । সা'দ ইবনে আল মুসায়্যিব (রদিআলাহু আনহু) বর্ণনা করেন যে, উহুদের দিনের আগের দিনেও আব্দুল্লাহ ইবনে জাহাশ (রদিআলাহু আনহু) বলেন, "হে আল্লাহ! আমি আপনার কাছে আপনার কসম করে বলছি, আমি আগামীকাল শত্রুকে মুকাবিলা করব এবং তারা আমাকে মারবে এবং তারা আমার পেট কেটে ছিন্ন ভিন্ন করবে এবং তারা আমার নাক, কান কাটবে এবং তখন আপনি জিজ্ঞেস করবেন, "কিসের জন্য" এবং আমি উত্তর দিব, "আপনার জন্য (ও আমার রব)" । সুতরাং সে পরদিন শত্রুদের মোকাবেলা করল এবং সেরকম তার প্রতি করা হয়েছিল । ইবনে আল মুবারক কর্তৃক তাঁর "কিতাব আল জিহাদ" এবং আল হাকিম এবং আত্ তাহাবী কর্তৃক সম্মতি প্রদানকৃত এবং আবু নূয়ায়ম এর "আল-হিলিয়াহ' এবং আব্দুর রাজ্জাক এর 'মুসান্নাফ' এবং আল ওয়াকিদির "আল মাগাজি" এবং ইবনে হাজার এর "আল ইসবাহ" কর্তৃক বর্ণিত । দ্রষ্টব্যঃ আল আলবানীর "ফিক্হ আস সিরাহ"(২৬২),

[৪৭] আল আলবানীর 'আহকাম আল জানাইজ'(১৮৫) এ বর্ণিত এবং এটিকে তিনি হাসান বলেছেন ।

"ইয়ারমূকের দিনে যে মুসলিম প্রথম শহীদ হয়েছিলেন তিনি ছিলেন সেই ব্যক্তি যিনি আবু উবাইদাহ ইবন আল জার্‌রাহর (রদিআলাহু আনহু) নিকট আসলেন এবং বললেন, 'আমি তাদের বিরুদ্ধে আমার সর্বশক্তি প্রয়োগের সিদ্ধান্ত নিয়েছি (যতক্ষণ না তারা আমাকে মেরে ফেলে), আপনি কি আমার জন্য আপনার নাবী সালালাহু আ'লাইহি ওয়া সালাম এর নিকট কোন বার্তা পৌঁছাবেন?' আবু উবাইদাহ (রদিআলাহু আনহু) উত্তর দিলেন, 'তাঁকে আমার সালাম পৌঁছাও এবং জানাও যে, আমরা নিশ্চিতভাবে সত্য অবলোকন করেছি যার ওয়াদা আমাদের রব আমাদের করেছেন।' অত:পর লোকটি এগিয়ে গেল (এবং যুদ্ধ করল) এবং শহীদ হয়ে গেল। আল্লাহ তাঁর উপর সদয় হোন।"[৪৮]

সুতরাং এই হাদীসগুলি থেকে এ বিষয়টি প্রতিভাত হয় যে, আল্লাহর বাণীকে বিজয়ী করার জন্য, দ্বীনের কল্যাণের খাতিরে যদি এমন কাজ করা হয় যা সরাসরি মৃত্যুর দিকে ধাবিত করে তা এমনই বিষয়, যা সাহাবা (রদিআলাহু আনহু) এবং তাবিঈনদের মাঝে ব্যাপকভাবে পরিচিত, প্রচলিত এবং প্রশংসিত ছিল।[৪৯]

[৪৮] ইবনে আসাকির এর "তারিখ দিমাশক"(৬৭/১০১) এবং ইবনে কাসির এর "আল বিদায়াহ ওয়ান-নিহায়াহ"(৭/১১)

[৪৯] আরবী আসল গবেষণায় ৪০টির বর্ণনা আছে, কিন্তু সংক্ষিপ্ততার জন্য আমরা বাকীগুলির উল্লেখ করিনি।

<u>এককভাবে শত্রুকে আক্রমনের বিষয়ে আলিমগণের রায়ঃ</u>

নিশ্চিত মৃত্যু জেনেও শত্রুর উপর এককভাবে ঝাঁপিয়ে পড়া এবং আক্রমণ করার ক্ষেত্রে শারীয়াহর অনুমোদনের বিষয়ে আমরা এই বিষয়টিই উপস্থাপন করতে চেয়েছি যে, ফিদায়ী অপারেশন এই মূলনীতির বোধ থেকেই উৎসারিত। ঈমানের দুর্বলতা কিংবা ঈমানের অভাবের সঙ্গে আত্মহত্যার বিষয়টি জড়িত। যাহোক, বর্তমান কালের ফিদায়ী অপারেশনের বিষয়ে 'সালাফ'-দের ধারণা ছিল না। এর কারণ হল এগুলি আজ উৎসারিত হয়েছে যুদ্ধ-বিগ্রহের কৌশলগত পরিবর্তনের কারণে এবং তারা এগুলিকে সুনির্দিষ্ট করে পরিচিত করে যাননি। তারা অনুরুপ ইস্যুগুলি পরিচিত করেছেন, যেমন একহাতেই শত্রুকে আক্রমন করা এবং তাদের মধ্যে এই ত্রাস সঞ্চার করা যে, আমরা মৃত্যুকে পরোয়া করি না। তারা সাধারণ নীতিমালা আলোচনা করেছেন যার মধ্যে ফিদায়ী অপারেশন অর্ন্তভুক্ত এবং তা করতে গিয়ে তারা সেসব দলীলের উপর নির্ভর করেছেন, যে দলীলগুলি আমরা পূর্ববর্তী অধ্যায়ে উল্লেখ করেছি। বর্তমান ফিদায়ী অপারেশন এবং পূর্বের ক্ল্যাসিকাল দৃষ্টান্ত সমূহের মাঝে একটি পার্থক্য রয়েছে, আমাদের ক্ষেত্রে ঐ ব্যক্তিটি নিজ হাতে মারা যায়, যেখানে পূর্বে সে শত্রুর হাতে মারা যেত। আমরা এটাও ব্যাখ্যা করব যে, এই পার্থক্যটি রায়ের ক্ষেত্রে কোন প্রভাব রাখে না।

সাহাবা এবং তাবিয়্যিন আলিমগণঃ

প্রথমতঃ ইবনে আল মুবারক এবং ইবনে আবি শায়বাহ হতে বর্ণিত, মুদরিক ইবনে আউফ আল-আহমায বলেন,

"আমি উমারের সঙ্গে উপস্থিত ছিলাম যখন নুমান ইবনে মুকরিম এর দূত তার কাছে আসল এবং উমার (রদিআল্লাহু আনহু) তাঁকে লোকদের সম্পর্কে জিজ্ঞেস করলেন, তখন তিনি জবাব দিলেন, 'অমুক অমুক এবং অমুক অমুককে আহত করা হয়েছে এবং অন্যরা এবং অন্যদের যাদের আমি চিনি না।' উমার (রদিআল্লাহু আনহু) বললেন, 'কিন্তু আল্লাহ তাদের চিনেন।' (দূতটি) বলল, 'আমির উল মু'মিনিন! (সেখানে একটি লোক ছিল) একজন তার জীবন বিক্রি করে দিয়েছেন।' এতে মুদরিক বলল, 'তিনি আমার মামা, আল্লাহর কসম, আমির উল মুমিনিন! লোকরা দাবী করছে সে নিজেকে ধ্বংসের মাঝে নিক্ষেপ করেছে।' উমার বললেন, 'তারা মিথ্যা বলেছে (তারা ভুল বলেছে)। বরং তিনি তো তাদের অর্ন্তভুক্ত যারা এই পৃথিবীর বদলে আখিরাতকে কিনে নিয়েছেন'।" আল-বায়হাকী উল্লেখ করেছেন যে সেটি ছিল নাহাওয়ান্দ এর দিন।"[৫০]

দ্বিতীয়তঃ ইবনে আবি শাইবাহ বর্ণনা করেন যে,

[৫০] ইবনে আবি শায়বাহ এর "মুসান্নাফ"(৫/৩০৩), ইবনে হাজার এর ফাতহুল বারী (৮/৩৩-৩৪), ইবনে জারীর কর্তৃকও অনুরুপ বর্ণিত হয়েছে।

"কুফ্‌ফারদের একটি সেনাদল সম্মুখে অগ্রসর হল এবং আনসারদের মধ্যে একটি লোক তাদের মুখোমুখি হয়ে আক্রমন করলেন এবং তাদের ব্যুহ ভেঙ্গে ফেললেন, তারপর ফিরে আসলেন, এরুপে দুই-তিনবার পুনরাবৃত্তি করলেন। সাদ ইবনে হিশাম এটি আবু হুরায়রাহ (রদিআলাহু আনহু) -কে উল্লেখ করলেন, যার ওপর তিনি এই আয়াতটি আবৃতি করলেন,

﴿وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ﴾

"মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য আত্ম বিক্রয় করে থাকে। আল্লাহ তাঁর বান্দাদের প্রতি অত্যন্ত দয়ার্দ্র।"[৫১]

তৃতীয়তঃ আল হাকিম এবং ইবনে আমি হাতিম ইবনে আসাকিরের অনুরুপ বর্ণনার সঙ্গে বর্ণনা করেছেন যে,

আল বারা'কে এই আয়াতটি সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, "তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না।"[৫২]

এটি কি সেই ব্যক্তিকে বুঝায় যে, যে মারা যাওয়ার আগ পর্যন্ত শত্রুকে মোকাবেলা করে । এবং অন্য একটি বর্ণনায়,

"যে ব্যক্তি ১০০০ জন শত্রু সৈন্যের ব্যূহে ঢুকে যায় এবং সে কেবল তার হাতে একটি তলোয়ার নিয়ে যায়?" তিনি বললেন, "না, বরং এটি সেই লোক যে একটি পাপ কাজ করে এবং পরে বলে যে আল্লাহ তাকে ক্ষমা করবেন না।"[৫৩]

চতুর্থত ঃ বর্ণিত আছে যে, তাবিয়ীনদের জনৈক বিখ্যাত ইমাম আল কাসিম ইবনে মুখাইমারাহ এই আয়াতটি,

"তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না"[৫৪] এ সম্পর্কে বলেন, **"ধ্বংস হল তা-ই যাতে আল্লাহর পথে (জিহাদ) ব্যয় করাকে পরিত্যাগ করা হয়। যে কারণে কেউ যদি ১০০০০ সৈন্যের মধ্যে ঢুকে পড়ে, তখন এরুপ করার ক্ষেত্রে কোন আপত্তি নেই।"**[৫৫]

---

[৫১] সূরা আল-বাকারাহঃ ১৯৫

[৫২] মুসান্নাফ (৫/৩২২)

[৫৩] আল হাকিম এর "আল-মুসতাদারাক" (২/২৭৫) এবং ইবনে আবি হাতিম এর তাফসির (১/১২৮) দ্রষ্টব্য। আত তাবারি কর্তৃক এই আয়াতটির ব্যাখ্যা তাঁর তাফসীরে (৩/৫৮৪) হুযাইফাহ (রদিআলাহু আনহু), ইবনে আব্বাস (রদিআলাহু আনহু), ইকরিমাহকে হাসান আল বাসরি, আতা, সাইদ ইবনে জুবায়র, যাহ্হাক, আস সূদ্দী, মুজাহিদ, এবং অন্যদের কর্তৃক বর্ণিত হয়েছে। আশ শায়বানি কর্তৃক তাঁর "আস-সিয়ার আল কবীর" ও দ্রষ্টব্য। ইবনে আবি শায়বাহ বর্ণনা করেন যে, মুজাহিদ (রহীমাহুল্লাহ) এই আয়াত সম্পর্কে বলেন, "যখন তুমি শত্রুকে মোকাবিলা কর, তখন তুমি তোমার বক্ষ প্রদর্শন কর (সাহসিকতার সাথে তাদের সঙ্গে যুদ্ধ কর), কেননা নিঃসন্দেহে এই আয়াতটি ব্যয় সম্পর্কেই নাযিল হয়েছে।" ইবনে আবি শায়বাহ'র মুসান্নাফ'(৫/৩৩১) দ্রষ্টব্য।

[৫৪] সূরা আল বাকারাহঃ ১৯৫

[৫৫] মাশারি আশওয়াক্ব (১/৫২৮)

বিখ্যাত তাফসীর আলিমগণের রায়ঃ

পঞ্চমতঃ ইবনে আল-আরাবী এই আয়াতটির ব্যাপারে মন্তব্য করতে গিয়ে বলেন,

"তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ করিও না ।"[৫৬]

এই "ধ্বংস" সংক্রান্ত ব্যাপারে পাঁচ ধরনের (এর অর্থ সম্পর্কে) মত রয়েছেঃ

১. আলাহর পথে ব্যয় করা ছেড়ে দিও না ।

২. কোন পাথেয় সম্বল ছাড়া বেরিয়ে যেও না ।

৩. জিহাদ পরিত্যাগ কর না ।

৪. শত্রুকে এই ধারণা দিও না যে, তোমাকে ঘায়েল করা সম্ভব ।

৫. ক্ষমার আশা পরিত্যাগ কর না ।

আত-তাবারী বলেন,

"এটি একটি সাধারণ বিষয় (অর্থাৎ সকল বিষয়ই এতে আওতাভুক্ত হবার সুযোগ রয়েছে) এবং এগুলোর মধ্যে কোন বিরোধ নেই ।" শত্রুর ব্যুহে ঢুকে পড়ার বিষয়টি ব্যতীত তিনি যা বলেছেন তা যথার্থ বলেছেন,কেননা,আলিমগণের কেউই এই আয়াতের সঙ্গে এই বিষয়টিকে (শত্রু ব্যুহে ঢুকে পড়া) জড়িত করার বিষয়ে একমত পোষন করেননি । আমাদের আলিমগণের মধ্যে (মালিকি) আল কাসিম বলেন যে, অসাধারণ শক্তিধর সেনাদলের মধ্যে হাতে যা আছে তা নিয়েই ঝাঁপিয়ে পড়ার বিষয়ে কোন প্রতিবন্ধকতা নেই, যদি সে তার কাজে দৃঢ় থাকে এবং সম্পূর্ণ খালিসভাবে আল্লাহর জন্য তা করে । যদি তার কোন শক্তি না থাকে, তাহলে তা তখন আত্মাকে ধ্বংস করার শামিল । কেউ কেউ এটি বলেছেন যে, যদি তার শাহাদাতের প্রবল আকাঙ্খা থাকে এবং তার নিয়্যত যদি খালিস হয়, তাহলে সে আক্রমন করতে পারে, কেননা তার লক্ষ্য হল শত্রু দলের একজনকে হলেও হত্যা করা এবং এই আয়াতে তা পরিষ্কার,

﴿وَمِنَ النَّاسِ مَنْ يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاةِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ﴾

"মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য আত্মা বিক্রয় করে থাকে । আলাহ তাঁর বান্দাদের প্রতি অত্যন্ত দয়ার্দ্র ।"[৫৭]

---

[৫৬] সূরা আল বাকারাহঃ ১৯৫

আমার দৃষ্টিতে এ ব্যাপারে সঠিক মতটি হল এই যে, একটি শত্রু সেনাদলের মধ্যে ঝাঁপিয়ে পড়ার অনুমোদনের বিষয়টিকে কেউই অস্বীকার করতে পারে না, কেননা এর চারটি দিক রয়েছেঃ

১. শাহাদাতের অন্বেষা

২. শত্রুর ক্ষতিসাধন[৫৮]

৩. শত্রুকে আক্রমনে মুসলিমদের উদ্বুদ্ধ করা

৪. শত্রুকে নৈতিকভাবে পর্যুদস্ত করা, এভাবে যে, একজন যদি এরূপ করতে পারে, তাহলে সকলে সম্মিলিতভাবে কী অবস্থা করতে পারে!

ষষ্ঠতঃ আল কুরতুবী (রহীমাহুল্লাহ) বলেন,

আবু হানিফার ছাত্র মুহাম্মাদ ইবনে আল হাসান আশ-শায়বানি বলেন, "একজন লোক যদি একাকী ১০০০ জনের মুশরিকদলের ভিতর ঢুকে পড়ে, তাহলে তাতে কোন বাধা নেই যদি তাতে সাফল্যের আশা থাকে অথবা শত্রুপক্ষের সমূহ ক্ষতির সম্ভাবনা থাকে; অন্যথায় এটি অপছন্দনীয়, কেননা, মুসলিমদের কোন সুবিধা আনয়ন ছাড়াই সে মৃত্যুর দিকে ধাবিত হল। অন্যদিকে যার লক্ষ্য হল মুসলিমদের সাহসিকতা বাড়ানো ও অনুপ্রাণিত করা, তার ক্ষেত্রে এর অনুমোদনের বিষয়টি অমূলক নয়, কেননা, তাও মুসলিমদের জন্য এক ধরনের সুবিধা বয়ে আনে। যদি তার প্রত্যয় এই হয় যে, এর মাধ্যমে সে শত্রুকে ভীত করবে এবং মুসলিমদের ঈমানকে বলীয়ান করবে, এক্ষেত্রে তার অনুমোদনও অমূলক নয়। যদি এর দ্বারা একজনের প্রাণের বিনিময়ে দ্বীন শক্তিশালী হয় এবং পৌত্তলিকতা দূর্বল হয়, তাহলে তা বিরাট সম্মানের। একটি ব্যাপার যে বিষয়ে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা মুমিনদের প্রশংসা করে ঘোষণা করেছেন,

﴿إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ...﴾

"নিশ্চয়ই আল্লাহ মু'মিনদের নিকট হতে তাদের জীবন ও সম্পদ জান্নাতের বিনিময়ে ক্রয় করে নিয়েছেন।"[৫৯]

এরকম আরও অনেক আয়াত রয়েছে যাতে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাদের উদ্ভাসিত প্রশংসা করেছেন যারা নিজেদের উৎসর্গ করে।"[৬০]

---

[৫৭] সূরা আল বাকারাহঃ ২০৭

[৫৮] ইবনে আল-আরাবী'র আহকাম আল কুরআন (১/১১৬) এবং আর কুরতুবি (২/৩৬৩-৩৬৪)

[৫৯] সূরা আত্ তাওবাহঃ ১১১ (৯/১১১)

সপ্তমতঃ ইমাম আশ-শাওকানি নিজেকে ধ্বংস করার আয়াত সম্পর্কে বলেন, *“প্রকৃত সত্য হল এই যে, শব্দের কিছু সাধারণ প্রয়োগ রয়েছে যা অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট অনুযায়ী সুনির্দিষ্ট করা যায় না। এর মাধ্যমে দ্বীন ও দুনিয়ার সকল আত্ম-বিনাশমূলক কার্যক্রম বুঝায় যা ইবনে জারির আত তাবারি বর্ণনা করেছেন। সেই ব্যক্তির বিষয়টিও এর মধ্যে চলে আসে যে এমন একটি শত্রু সেনাদলকে আক্রমন করে যার কোন ক্ষতিই সে করতে পারে না কিংবা যা মুজাহিদদের কোন উপকার বা সুবিধাও বয়ে আনে না।”*[৬১]

আশ-শাওকানির এই সম্পর্কিত রায় হল, যদি এর মধ্যে কোন উপকার থাকে, তবে তা অনুমোদনীয়।

[৬০] তাফসীর আল কুরতুবী (২/৩৬৪)। আর জাস্‌সাস এর “আহকাম আল কুরআন” (৩/২৬২-২৬৩)

[৬১] তাফসির, ফাত্‌হ আল কাদির (১/২৯৭)

<u>বিভিন্ন মাযহাবের দলীলঃ</u>

ইমাম আবু হানীফার (রহীমাহুল্লাহ) অনুসারীবৃন্দ

অষ্টমতঃ ইবনে আবিদীন বলেন,

"কোন ব্যক্তির একাকী যুদ্ধ করার ব্যাপারে কোন ধরনের প্রতিবন্ধকতা নেই, এমনকি যদিও সে মনে করে যে, সে নিশ্চিত মৃত্যুবরণ করবে, যতক্ষণ সে কিছু না কিছু অর্জন করে- (শত্রুকে) হত্যা কিংবা আহত করা কিংবা পরাজিত করার মাধ্যমে- এবং তা এ কারণে যে, উহুদের দিনে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আ'লাইহি ওয়া সাল্লাম এর সম্মুখেই বেশ সংখ্যক সাহাবাকে এরূপ করতে দেখা গেছে এবং তিনি এজন্য তাঁদের ভূয়সী প্রশংসা করেছেন। যদি কোনক্রমে সে জানে যে সে তাদের কোনই ক্ষতি সাধন করতে পারবে না, তখন তার জন্য আক্রমন করার বিষয়টি অনুমোদনযোগ্য নয়, কেননা তা দ্বীনকে শক্তিশালী করার ক্ষেত্রে কোন অবদানই রাখতে পারে না ।"[৬২]

নবমতঃ আশ-শারখাসি প্রসঙ্গত বলেন,

"এটিই আপাতত বলা যায় যে, এক্ষেত্রে আবশ্যক বিষয়টি হল শত্রুর ব্যুহে তার ঝাঁপিয়ে পড়া অবশ্যই কুফফারদের ক্ষতি সাধন করবে। (যদি বিষয়টি এমন হয়, তবে তা অনুমোদনযোগ্য)"[৬৩]

দশমতঃ আবু বকর আল জাসসাস (রহীমাহুল্লাহ) আশ-শায়বানির মত উদ্ধৃত করে উল্লেখ করেন যে,

"যদি সেরকম হয় (যেমন দ্বীনের কোন উপকার না হওয়া অথবা কুফফারদের ক্ষতি না হওয়া), তাহলে তার উচিত নয় নিজ সত্তাকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করা, কেননা এতে দ্বীনের কিংবা মুসলিমদের কোন কল্যাণ নিহিত নেই। কিন্তু যদি তার নিজ সত্তাকে উৎসর্গ করার মধ্যে দ্বীনের কিংবা মুসলিমদের কল্যাণ নিহিত থাকে, তাহলে এটি একটি সম্মানজনক ব্যাপার, যে বিষয়ে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সম্পর্কে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন ... ।"[৬৪]

এবং আবু হানিফার ছাত্র আশ-শায়বানির এই রায় এখন পর্যন্ত অব্যাহত রয়েছে।

ইমাম মালিক ইবনে আনাস (রহীমাহুল্লাহ) অনুসারীবৃন্দ

একাদশতঃ ইমাম আল কুরতুবী উল্লেখ করেন ইবনে খুওয়াইজ মানদাদ বলেন,

---

[৬২] হাশিয়াহ (৪/৩০৩)

[৬৩] শারহ আশ-শিয়ার আল-কাবীর (১/১৬৩-১৬৪)

[৬৪] আল জাসসাস এর "আহকাম আল কুরআন।" (৩/২৬২-২৬৩)

"কোন ব্যক্তির পক্ষে একাকী ১০০ জন কিংবা আরও বেশি শত্রু দলকে আক্রমন করার ক্ষেত্রে ... দুইটি বিষয় সামনে আসেঃ "যদি সে নিশ্চিত থাকে যে, সে তার আক্রমনের লক্ষ্যবস্তুকে হত্যা করবে এবং নিরাপদ থাকতে পারবে, তাহলে এটি ভাল; অনুরুপভাবে সে যদি যৌক্তিক বিচারে নিশ্চিত থাকে যে সে নিহত হবে, কিন্তু শত্রুর ক্ষতি সাধন করবে কিংবা ধ্বংস বয়ে আনবে কিংবা মুসলিমদের জন্য কল্যাণকর কিছু বয়ে আনবে, তাহলেও এটি অনুমোদনযোগ্য ।"[৬৫]

আল-কুরতবী এবং ইবনে আল-আরাবিয়্যার মন্তব্য ইতিমধ্যে উল্লেখ করা হয়েছে ।

ইমাম আশ-শাফিয়্যি (রহীমাহুলাহ) এর অনুসারীবৃন্দ

দ্বাদশত ঃ আল মুতী (রহীমাহুলাহ) এর আল মাযমু'র সমাপ্তিতে আমরা দেখতে পাই,

"যদি কুফফারদের সংখ্যা মুসলিমদের দ্বিগুন হয় এবং তারা পরাজয়ের আশঙ্কা না করে, তখন দৃঢ়তার সাথে দাঁড়িয়ে থাকা তাদের জন্য বাধ্যতামূলক ...আর যদি তাদের এই সম্ভাবনা হয় যে, তারা ক্ষতির সম্মুখিন হবে, তখন তাদের দুটি সম্ভাব্য পথ রয়েছে:

১. *তারা ফিরে যেতে পারে, এই আয়াতের ভিত্তিতে, "....... এবং তোমরা নিজেদের হাতে নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ কর না"*[৬৬]

২. *তারা পিছু না হটে অটল থাকতে পারে, এটিই সঠিক দৃষ্টিভঙ্গি এবং তা এই আয়াতের উপর ভিত্তি করে "হে মুমিনগণ! তোমরা যখন কোন দলের সম্মুখীন হবে তখন অবিচলিত থাকবে ...... ।"*[৬৭]

এ কারণে যে, মুজাহিদরা যুদ্ধ করে হত্যা করার জন্য অথবা নিহত হবার জন্য । যদি কুফফারদের সংখ্যা মুসলিমদের সংখ্যার দ্বিগুনের বেশি হয়, সেক্ষেত্রে তারা পিছু হটতে পারে । যদি তারা এ বিষয়ে প্রত্যয়দীপ্ত থাকে যে, তারা ধ্বংস হয়ে যাবে না, তখন এটিই উত্তম যে, তারা অনমনীয় থাকবে যাতে মুসলিমরা ধ্বংসপ্রাপ্ত না হয়ে যায় । আর যদি তাদের এই সম্ভাবনা জন্মে যে, তারা ধ্বংস হয়ে যাবে, তখন দুটি উপায় রয়েছেঃ

তখন পিছু হটার এক ধরনের বাধ্যবাধকতা তৈরী হয়ে যায় আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার এই আয়াতের মাধ্যমে, "..এবং তোমরা নিজেদের হাতে নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না"[৬৮]

[৬৫] তাঁর তাফসীর গ্রন্থের (২/৩৬৪)

[৬৬] সূরা আল-বাকারাহ্ঃ ১৯৫

[৬৭] সূরা আল-আনফালঃ ৪৫

[৬৮] সূরা আল-বাকারাহ্ঃ ১৯৫

পিছু হটার বিষয়টি মুস্তাহাব, তবে বাধ্যতামূলক নয়, কেননা যদি তারা নিহত হয়, তারা শাহাদাতের মাধ্যমে বিজয়ী হবে।”[৬৯]

ত্রয়োদশতঃ ইমাম আল গাজালি (রহীমাহুল্লাহ) বলেন,

“এই বিষয়ে কোন মতানৈক্য নেই যে একজন মুসলিম একাকীই কুফফারদের ব্যূহে আক্রমন করতে পারে, যদিও সে জানে যে সে মারা যাবে। শাহাদাতের পূর্ব পর্যন্ত যেমন কুফফারদের বিরুদ্ধে যুদ্ধ করা যেমন অনুমোদনীয়, এটিও সেরুপ অনুমোদনযোগ্য, কেননা এটি সৎকাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধের সঙ্গে যুক্ত। কিন্তু যদি সে জানে যে, তার আক্রমন কুফফারদের কোন ক্ষতি সাধন করবে না- ঠিক যেন অন্ধ ও পঙ্গু একটি লোক নিজেকে শত্রুর সারির সামনে নিজেকে নিক্ষেপ করল। এরুপ ক্ষেত্রে এটি করা হারাম এবং এটি আত্ম-হনন সংক্রান্ত আয়াতের সাধারণ আওতার অর্ন্তভুক্ত হয়ে যায়; বরং সামনে অগ্রসর হওয়ার বিষয়টি তখনই কেবল অনুমোদনযোগ্য, যখন সে শত্রুকে হত্যা না করা পর্যন্ত নিজে নিহত হবে না (অথবা শত্রুর ক্ষতি করতে পারবে না) অথবা সে যখন নিশ্চিত থাকবে যে, মৃত্যুর ব্যাপারে তার এই তাচ্ছিল্য কুফফারদের নৈতিক মনোবল ভেঙ্গে দেবে এবং কুফফারদের মধ্যে এই আতঙ্ক ছড়িয়ে দেবে যে, তার মত বাকি মুসলিমদেরও মৃত্যুর কোন ভীতি নেই এবং তারা আলাহর রাস্তায় শাহাদাতকেই ভালবাসে।”[৭০]

এর ফলাফল কেবল তাৎপর্যপূর্ণই নয়, বিস্ময়করও বটে; একজন মুজাহিদ তার প্রভূর নিকট নিজেকে বিক্রয় করার পর প্রাচ্যে এবং পশ্চাতে আল্লাহর শত্রুদের মাঝে যে ব্যাপক ভীতি ও আতঙ্ক উদ্রেক করে, তা সীমালঙ্ঘন ও কুফরের প্রাসাদকে কাঁপিয়ে তুলে। সকল প্রশংসা কেবলমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলারই জন্য।

ইমাম আহমদ ইবনে হাম্বলের (রহীমাহুল্লাহ) অনুসারীবৃন্দ

চতুর্দশতঃ ইমাম ইবনে কুদামাহ্ (রহীমাহুল্লাহ) বলেন,

“যদি শত্রুর সংখ্যা মুসলিমদের সংখ্যার দ্বিগুনের বেশি হয় এবং মুসলিমরা বাহ্যিকভাবে জয়ের ব্যাপারে নিশ্চিত থাকে, তখন এই সুযোগের জন্য দৃঢ়তা অবলম্বনই উত্তম; কিন্তু যদি তারা পিছু হটে তবে তাও অনুমোদনযোগ্য। এজন্য যে, তারা নিজেদের ধ্বংসের মধ্যে নিক্ষেপ করতে বাধ্য নয় ....এই বিষয়টি বিবেচনায় আনতে হবে যে, যদি তারা বাহ্যিকভাবে বিজয়ের ব্যাপারে নিশ্চিত থাকে, তাহলে দৃঢ়ভাবে দাঁড়িয়ে মোকাবিলা করাই তাদের জন্য বাধ্যতামূলক। কিন্তু তারা যদি পরাজয়ের ব্যাপারেও বাহ্যিক দিক থেকে নিশ্চিত থাকে, সেক্ষেত্রে তাদের কৌশলগত পিছু হটাই পছন্দনীয়- কিন্তু যদি তারা দৃঢ় এবং দৃঢ়প্রতিজ্ঞা

[৬৯] আল-মাজমুয়া (১৯/২৯১)

[৭০] ইতহাফ আস-সাদাহ আল-মুত্তাকিন শারহ ইহইয়া উলুম আদ-দ্বীন (৭/২৬)

থাকে, তাহলে তাও তাদের জন্য অনুমোদনযোগ্য, কেননা, তাদের শাহাদাতের একটি লক্ষ্য আছে; আবার হতেও পারে যে তারাই বিজয়ী হয়েছে। যদি তারা বাহ্যিকভাবেই নিশ্চিত পরাজয়ের মুখে থাকে, এমন অবস্থা তৈরী হয় যে, তারা দাঁড়িয়েও থাকতে পারে আবার কৌশলগত পিছু হটতেও পারে, সেক্ষেত্রে শাহাদাতের মর্যাদা অর্জনের লক্ষ্যে দৃঢ়চিত্ত থেকে লড়াই চালিয়ে যাওয়াই অধিক পছন্দনীয়; বিশেষত: এই আশায় (আল্লাহর সন্তুষ্টি), কেননা, তারা তো বিজয়ও অর্জন করতে পারে।"[৭১]

পঞ্চদশতঃ শাইখ আল ইসলাম ইবনে তাইমিয়্যা (রহীমাহুল্লাহ) বলেন,

"মুসলিম কর্তৃক তাঁর সহীহ নাবী সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম থেকে এর সম্পর্কে বর্ণিত আছে যে, ঐ ছোট বালকটি স্বয়ং নিজেকেই হত্যা করার নির্দেশ দিয়েছিলেন 'মাসলাহাহ' (কল্যাণ) দ্বীনকে উচ্চকিত করে রাখার 'মাসলাহাহ' (কল্যাণ) এর জন্য। এজন্য চার ইমামই মুসলিমদের এই অনুমোদন দিয়েছেন যে, শত্রু ব্যূহে ঢুকে পড়লে শত্রুরা হত্যা করবে- এরকম জেনেও মুসলিমরা কুফফারদের ব্যূহে ঢুকে পড়তে পারবে। তারা এই বিষয়টিকে অনুমোদন দিয়েছেন এজন্য যে, এতে মুসলিমদের কল্যাণ নিহিত রয়েছে.... ।"[৭২]

ইমাম দাউদ আস-সাবিরির অনুসারীবৃন্দ

ষষ্টদশত ঃ ইমাম ইবনে হাজম বলেন,

"আবু আইউব আনসারী কিংবা আবু মুসা আল-আশআরী এ দুজনের কেউই একটি ক্ষিপ্র শত্রু ব্যূহে একা ঢুকে পড়ে দৃঢ়তার সঙ্গে নিহত হওয়ার পূর্ব পর্যন্ত লড়াই করে যাওয়াকে সমালোচনা করেননি ..... নির্ভরযোগ্য সূত্রে বর্ণিত আছে যে, সাহাবাদের মধ্যে জনৈক ব্যক্তি রসূলুলাহ সালাল্লাহু আ'লাইহি ওয়া সালাম কে জিজ্ঞেস করেছিলেন বান্দার কোন বিষয়টি আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা কে হাসায়, তিনি জবাব দিলেন, "সেই বান্দা যে কোন বর্ম পরিধান ছাড়াই শত্রু বুহ্যে ঢুকে পড়ে"- যেখানে লোকটি তার বর্ম খুলে ফেলে এবং শত্রুর (ব্যূহে) ওপর তার মৃত্যু পর্যন্ত ঝাঁপিয়ে পড়ে।"[৭৩]

[৭১] আল মুগনি (৯/৩০৯)

[৭২] মাজমু আল ফাতাওয়া (২৮/৫৪০)

[৭৩] আল মুহাল্লা (৭/২৯৪)

কতিপয় পর্যালোচনাঃ

ছোট বালক এবং রাজা সংক্রান্ত হাদীসটি এ সম্পর্কিত সবচেয়ে শক্তিশালী প্রমাণ । এই হাদীসটি ব্যাখ্যা করে যে, যখন বালকটি দেখল যে বিশেষ একটি প্রক্রিয়ায় তার মৃত্যু দ্বীনকে ছড়িয়ে দেয়ার ক্ষেত্রে একটি বিশেষ উপায় । যে রাজার অনিষ্ট থেকে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তখন পর্যন্ত তাকে জীবিত রেখেছিলেন, সেই রাজাকেই সে পরামর্শ দিল কিভাবে তাকে হত্যা করতে হবে । তার কাছে বেঁচে থাকার চেয়ে দ্বীনকে ছড়িয়ে দেয়াই বেশি তাৎপর্যপূর্ণ মনে হয়েছিল । এভাবেই সে তার নিজের জীবন ধ্বংসে অংশ নিয়েছিলেন । হ্যাঁ, সে এই ধ্বংসটি নিজ হাতে করে নাই, কিন্তু তার বলে দেয়া উপায় ছিল তাকে মৃত্যুর দিকে ধাবিত করার ক্ষেত্রে প্রধান কারণ ।

এই বিষয়ের দৃষ্টান্তটি এমন, খুব যন্ত্রনাদায়ক ক্ষত দ্বারা কষ্ট পেয়ে কেউ কোন একজনকে তাকে মেরে ফেলতে বলল । সে এক্ষেত্রে তার আত্মহত্যার জন্য দায়ী, কেননা, কে হত্যাটি করেছে সে প্রশ্নটি মুখ্য নয় বরং তার অনুরোধেই তাকে হত্যা করা হয়েছে । এটিই মূল ব্যাপার এবং এ বিষয়টির সঙ্গে প্রতিটি মানুষই একমত পোষন করবে । এ ক্ষেত্রে নিজের সিদ্ধান্তে নিজেকে হত্যা করার বিষয়টিও এরকম ।

কিন্তু যখন আলাহর রসূল সালালাহু আ'লাইহি ওয়া সালাম এই ছেলেটির সত্যকে উচ্চকিত ও উদ্ভাসিত প্রশংসা করেছেন, তখন এ বিষয়টি পরিষ্কার হয় যে, এই কাজ দুটির পার্থক্যের কারণ হল, দুটি কাজের ভিন্ন ভিন্ন উদ্দেশ্য । তাই তিনি এই বালকটির ভূয়সী প্রশংসা করলেন । কেননা দ্বীনের বিজয়ের জন্যই সে পরোক্ষভাবে নিজেকে হত্যা করেছিল (এ বিষয়টি ঠিক ঐ বিষয়টির বিপরীত যেখানে কেউ অন্য আরেকজনকে তার কষ্টের কারণে হত্যা করতে বলে) । সুতরাং, এরকম আত্মবিসর্জনমূলক ফিদায়ী অনুমোদনের বিষয়টি স্বচ্ছ ফটিকের মত পরিষ্কার একটি ব্যাপার ।

অনুরুপভাবে, আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাদের ভূয়সী প্রশংসা করলেন, যারা এ ছোট বালকটির রবকে বিশ্বাস করেছিল এবং যারা আগুনের গহ্বরে ঝাঁপ দিয়েছিল দ্বীনের বিজয়ের জন্য এবং দ্বীনকে এই পৃথিবীর চেয়ে বেশি পছন্দ করার কারণে । এমনকি, যে শিশুটি কথা বলে উঠেছিল তার মাকে সাহস যোগানের জন্য, যখন তার মা আগুনে ঝাঁপিয়ে পড়তে ইতস্ততঃ করছিল । আলাহ সুবহানাহু তা'আলা সত্য বলা ব্যতীত ঐ শিশুটিকে কথা বলাননি এবং আলাহ সুবহানাহু ওয়া তা'আলা তাদের ব্যাপারে একটি পূর্ণাঙ্গ সুরাহ্ই নাযিল করলেন, যা কিয়ামত পর্যন্ত আবৃত্তি করা হবে, যেখানে তাদের ভূয়সী প্রশংসা করা হয়েছে এবং তাদের নিয়তি সম্পর্কে বলা হয়েছেঃ

﴿إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ذَلِكَ الْفَوْزُ الْكَبِيرُ﴾

“তাদের জন্য রয়েছে জান্নাত, যার পাদদেশে নদী প্রবাহিত, এটাই মহাসাফল্য ।”[৭৪]

তারা নিজেদের আত্মাকে আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলার কাছে বিক্রয় করে দ্বীনের জন্য নিজেদের উৎসর্গ করেছিলেন । এবং সেটিই ছিল মহা সাফল্য ।

ফিরাউন কন্যার কেশবিন্যাসকারিণীর ঘটনাটিও অনুরুপ । আমরা আমাদের শারীয়াহ থেকে দৃষ্টান্ত উপস্থাপন করেছি যা এ হাদীস দুটি সংরক্ষণ করে এবং আমাদের শারীয়াহ গর্তের লোকদের এবং ফিরাউন কন্যার চুল বিন্যাসকারিণীর উচ্ছ্বসিত প্রশংসা করেছে; অন্যথায় ‘লা ইলাহা ইলাল্লাহ’ এর বাণীকে উচ্চকিত করার লক্ষ্যে নিজের জীবনকে উৎসর্গ করার সাথে বিরোধিতা করে এমন কোন উপমা দৃষ্টিগোচর হয় না । সুতরাং, এই হাদীসদ্বয়ের সারবস্তু অধিকাংশ ইমামের মতানুসারে আমাদের শারীয়াহরই অংশ ।

বস্তুতঃ আমরা দেখি যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লামের জীবদ্দশায় এবং তাঁর পর সাহাবা (রদিআল্লাহু আনহু) দের সময়ে এই জাতীয় অপারেশন শুধু একবার নয়, বহুবার পরিচালিত হয়েছে । উপরন্তু, দ্বীনের সুরক্ষার বিষয়টিই একজন মুজাহিদের সর্বোচ্চ উদ্দেশ্য এবং এই দলিলগুলি আমাদের নিঃসন্দেহ করে যে, একজন মুজাহিদ দ্বীনের জন্য তার জীবন উৎসর্গ করবেন । আবু দুজানাহ (রদিআল্লাহু আনহু) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আ’লাইহি ওয়া সাল্লাম এর মানব বর্ম ছিলেন এবং তা এটিই প্রমাণ করে যে, অন্যদের রক্ষায় দ্বীনের স্বার্থে একজন ব্যক্তির আত্মোৎসর্গ করার বিষয়টি বৈধ ।

---

[৭৪] সূরা আল বুরুজঃ **১১**

সার সংক্ষেপ

নিশ্চিত ও অবধারিত মৃত্যু দুটি ক্ষেত্রেই এককভাবে শত্রুব্যুহে ঢুকে পড়ার বিষয়টিতে উলামারা তাদের পরিষ্কার অনুমোদন দান করেছেন ।

অধিকন্তু, অধিকাংশ আলিমগণ এই অনুমোদনের জন্য কিছু শর্ত আরোপ করেছেনঃ

১. নিয়্যত

২. শত্রুর ক্ষতিসাধন

৩. শত্রুকে ভীত-সন্ত্রস্ত করা

৪. মুসলিমদের ঈমান উজ্জীবিত করা

আল কুরতুবি এবং ইবনে কুদামাহ খালিছ নিয়্যত নিয়ে শত্রু ব্যুহে ঢুকে পড়ার বিষয়টিকে অনুমোদন দিয়েছেন, এমনকি এতে যদি কোন শর্ত পূরণ না হয়, কেননা, শাহাদাতের আকাঙ্খা একটি বৈধ বিষয় (মাশরু’) ।

যেহেতু অধিকাংশের ব্যাখ্যাতেই শাহাদাতমূলক অপারেশনের ক্ষেত্রে বড় কোন শর্তাধীন বিষয় যুক্ত নেই, সেহেতু উলেখিত মতটিই প্রণিধানযোগ্য । অধিকাংশগনই তাদের শর্তগুলো শারীয়াহর সাধারণ নীতির আওতায় উল্লেখ করেছেন । কিন্তু সাধারণ কোন নীতির আলোকে বিশেষ কোন নীতিকে সীমিত করা যায় না । হ্যাঁ, আমরাও বলছি যে, ফিদায়ী অপারেশনের এই কাজটিতে যদি কোন কল্যাণ না থাকে বা মুসলিম বা মুজাহিদদের কোন সুবিধাই তৈরী না করে, তাহলে তা পরিচালনা করা উচিত নয় কিংবা সেক্ষেত্রে এর চর্চাও কাঙ্খিত নয় । কিন্তু শরয়ী আইনের অনুমোদনের মূলনীতি থেকে ফিদায়ী অপারেশনের ব্যাপারটি আলাদা । কেননা, দৃঢ় কোন ভিত্তি ছাড়াই শাহাদাতের আকাঙ্খার বিষয়টিকে নিরুৎসাহিত করা একটি অন্যায় । অনুরুপভাবে, অন্য কোন বিকল্প উপায়ে মুসলিম বা মুজাহিদদের কল্যাণ হতে পারে, এমন উপায় বাদ দিয়ে কেবল স্বীয় কল্যাণের নিমিত্তে শাহাদাতের উপায় অবলম্বন করাও ঠিক নয় ।

বন্দীদের মানব ঢাল স্বরূপ ব্যবহার

শত্রুর প্রতি আক্রমণ এবং কোন বর্ম ছাড়া তাদের ব্যুহে ঝাঁপিয়ে পড়া (যা পরোক্ষভাবে নিজের মৃত্যু ঘটায়) যেমন প্রশংসনীয়, তেমনই ফিদায়ী অভিযানের বিষয়টিও প্রশংসনীয় যদি তাতে নিয়্যত বিশুদ্ধ থাকে। কেননা, অধিকাংশ আলিমের মতে পরোক্ষ মৃত্যু প্রত্যক্ষ মৃত্যুর সাথে তুলনীয়। আমরা ইনশাআল্লাহ্ তা বিশদ আলোচনা করব।

মুসলিম বন্দী, যাদেরকে শত্রুগণ ঢালস্বরূপ ব্যবহার করে তাদেরকে হত্যার বিষয়টি এর সাথে সামঞ্জস্য পূর্ণ, যদিও কিছুটা পার্থক্য বিদ্যমান।

উভয় ক্ষেত্রে মিল হল, দ্বীনের কল্যাণের জন্য একটি মুসলিমের জীবন বিসর্জিত হয়। পার্থক্য হল, ঢালস্বরূপ ব্যবহৃত বন্দীকে হত্যার বৈধতা জরুরি অবস্থার ভিত্তিতে বিবেচিত হয়; কেননা এমন কোন বিধান নেই যা অন্যকে হত্যার বৈধতা দেয় বরং ব্যক্তিস্বার্থের উর্দ্ধে সমষ্টিগত স্বার্থ এক্ষেত্রে প্রাধান্য পায়। তাই, ঢালস্বরূপ ব্যবহৃত বন্দী হত্যার বিষয়টি "চরম প্রয়োজনে হারাম বৈধ" এবং "দুটি অকল্যাণের মাঝে অপেক্ষাকৃত কমটি বাছাই করা" এই মূলনীতিদ্বয়ের ভিত্তিতে সাব্যস্ত হয়। কিন্তু ফিদায়ী অভিযানের ক্ষেত্রে সেরূপ কোন নিয়মের প্রয়োজন নেই, কারণ মৃত্যু নিশ্চিত জেনেও শত্রুর ব্যূহে ঝাঁপিয়ে পড়ার জন্য অনুপ্রেরণাদায়ক স্পষ্ট প্রমাণ রয়েছে এবং তা কোন জরুরি অবস্থার সাথে সংশ্লিষ্ট নয়।

অন্যকে হত্যা করা নিজেকে হত্যার চেয়েও বড় গুনাহ; আল কুরতুবী তাঁর তাফসীরে[৭৫] আলিমগণের ইজমা তুলে ধরেন যে, কেউ অন্যকে হত্যা করতে বাধ্য হলে তা একরকম বিষয় নয়। কেউ যদি বৃহত্তর মুসলিম স্বার্থে কোন মুসলিমকে হত্যার অনুমোদন দেয়, যদিও সরাসরি স্পষ্ট কোন দলিল নেই, একইভাবে, তাকে বৃহত্তর মুসলিম স্বার্থের বিবেচনায় আত্মত্যাগের বৈধতাও দিতে হবে, কেননা অন্যের জীবনের তুলনায় নিজের জীবন দেয়া কম ক্ষতিকর। এতটুকুই যথেষ্ট হত, যদি শহীদী অভিযানের বিষয়ে অন্য কোন দলিল প্রমাণ না থাকত, তবে এ বিষয়ে নির্দিষ্ট দলিল প্রমাণ রয়েছে, যা পূর্বে আলোচিত হয়েছে।

ফকীহগণ পূর্বে এ বিষয়ে আলোকপাত করেননি, কারণ বর্তমানে যুদ্ধের নিয়ম কানুন, কলা কৌশল অনেক বদলে গেছে।

সাধারণভাবে কেবল মুসলিম নয়, জিম্মি (যে সকল কাফির মুসলিম রাষ্ট্রে অনুগত নাগরিক হিসেবে বসবাস করে) কাফিরদের মধ্যে বৃদ্ধ পুরুষ, নারী ও শিশু হত্যাও মুসলিমদের জন্য অবৈধ। মুসলিম বন্দীদের যদি ঢাল হিসেবে ব্যবহার করা হয়, তবে একান্ত প্রয়োজন না হলে তাদের প্রতি গুলি করা অবৈধ। কাফির নারী ও শিশুদের প্রতি যুদ্ধে সুবিধা লাভের জন্য অবশ্য প্রয়োজন ছাড়াও গুলি করা যায়। যুদ্ধে এরূপ কারণ দেখা দিতে পারে, তবে সুনির্দিষ্টভাবে সাধারণ কোন নাগরিক হত্যার উদ্দেশ্য থাকবে না। রসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে যখন রাতের অভিযানে হত্যাকৃত কাফির পুরুষদের, নারী ও

[৭৫] তাঁর তাফসীর গ্রন্থের (১০/১৮৩)

শিশুদের ব্যাপারে জিজ্ঞাসা করা হয়, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, *“তারা তাদের অন্তর্ভুক্ত।”* অন্য বর্ণনায় আছে যে তিনি জবাবে বলেন, *“তারা তাদের পিতা হতে।”*[৭৬]

তবে মুসলিমদের ক্ষেত্রে গুলি করা বৈধ, কেবল যদি গুলি করা হতে বিরত থাকলে অধিক ক্ষতির আশঙ্কা হয়। যেমন ঢাল স্বরূপ ব্যবহৃত মুসলিমদের সংখ্যার তুলনায় অধিক সংখ্যক মুসলিম নিহত হবে অথবা মুসলিমরা পরাজিত হবে এবং তাদের ভূমি দখল করা হবে। এরূপ অবস্থায় ঢাল হিসেবে যেসব মুসলিম নিহত হবে, পরবর্তীতে তারা তাদের নিয়ত অনুযায়ী পুনরুত্থিত হবে।

অধিকাংশ আলিম প্রয়োজনে শত্রুকে আক্রমণ করা আবশ্যক মনে করেন, যদি তাতে কোন মানবঢাল নিহত হয়।[৭৭] ইমাম আশ শারবিনি “মুগনী আল মুহতাজ” গ্রন্থে দুটি শর্ত আরোপ করেনঃ

১। মুজাহিদ যথাসাধ্য ঢালকে আঘাত এড়ানোর চেষ্টা করবে

২। তারা ঢাল হিসেবে ব্যবহৃত ব্যক্তিদের হত্যার ইচ্ছা পোষণ করবে না।

ইবন কাসীম (রহীমাহুল্লাহ) “আল ইনসাফ” গ্রন্থে বলেনঃ

“যদি তারা কোন মুসলিমকে ঢাল হিসেবে ব্যবহার করে, তবে সেই ঢালকে আঘাত করা অবৈধ যদি না বৃহত্তর কোন ক্ষতির আশঙ্কা করা হয়। সেরকম প্রয়োজন হলে কাফিরদের লক্ষ্য করে তাদের আঘাত করা বৈধ। এ বিষয়ে কোন দ্বিমত নেই।”[৭৮]

শাইখ আল ইসলাম ইবন তাইমিয়্যা (রহীমাহুল্লাহ) বলেনঃ

“আলিমগণ এ বিষয়ে একমত যে, যদি কাফির সৈন্যরা মুসলিম বন্দীদের ঢালস্বরূপ ব্যবহার করে এবং তাদের আঘাত না করলে অবশিষ্ট মুসলিমদের ক্ষতির আশঙ্কা দেখা দেয়, তবে তাদের সাথে যুদ্ধ করা বৈধ, যদিও তাতে ঢালস্বরূপ ব্যবহৃত মুসলিমগণ নিহত হয়।”[৭৯]

ইবন তাইমিয়্যা (রহীমাহুল্লাহ) আরও বলেনঃ

---

